

## শিক্ষাক্ষেত্রে প্রযুক্তির ব্যবহারে ঢাকায় মাইক্রোসফটের কর্মশালা

শিক্ষকদের প্রযুক্তিগত শিক্ষায় এগিয়ে নিতে ২৩ মার্চ মাইক্রোসফট বাংলাদেশ ঢাকায় 'মাইক্রোসফট পার্টনার ইন লার্নিং' শীর্ষক এক কর্মশালায় আয়োজন করে। রাজধানীর বিভিন্ন স্কুলের শিক্ষকরা এ কর্মশালায় অংশগ্রহণ করেন। এ সময় মাইক্রোসফট লার্নিং প্রোগ্রামের উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মাইক্রোসফটের অনলাইনভিত্তিক পার্টনারশিপ ইন লার্নিং কার্যক্রম হচ্ছে পাঠদান ও শিক্ষাক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিসহ এর মানোন্নয়নে একটি উদ্যোগ। পার্টনার ইন লার্নিং প্রোগ্রাম হচ্ছে এমন একটি প্ল্যাটফর্ম, যা ক্লাসরুমের গতি পরিণয়ে বিধ্বংসী প্রশিক্ষণ কমিউনিটি তৈরিতে এবং সহকর্মীদের সহযোগিতা করতে উপকরণ ও কৌশল দিয়ে শিক্ষক এবং স্কুল নিডারদের সহায়তা করেছে। পার্টনার ইন লার্নিং নেটওয়ার্ক হচ্ছে শিক্ষক এবং স্কুল নিডারদের জন্য একটি অনলাইন প্রফেশনাল নেটওয়ার্ক। বিধ্বংসী এ নেটওয়ার্কের অধীনে রয়েছে চার মিলিয়নেরও বেশি সদস্য। একাত্তরিক, গবেষণা, শিক্ষা নীতিমাদা, যোগাযোগ ও প্রশিক্ষণ ক্ষেত্রে উদ্ভাবনের ওপর গুরুত্ব দিয়েই পরিচালিত হচ্ছে এর উচ্চ শিক্ষা কার্যক্রম। পার্টনার ইন লার্নিং ফর স্কুল কার্যক্রমের উদ্দেশ্য হচ্ছে, সব

স্কুলকে গতানুগতিক ধারার শিক্ষাব্যবস্থা থেকে বের করে শ্রেণীকক্ষ ও এর বাইরে প্রযুক্তির সঠিক ব্যবহারের মাধ্যমে একটি আনন্দ শিক্ষাব্যবস্থা নিশ্চিত করা। এ কার্যক্রমের আওতায় বেশির এবং

বাংলাদেশের চিফ অফিসার অফিসার পুবুদু বাসনায়েকে, পাবলিক সেক্টর লিড আহমদান শরীফ ও টেকনিক্যাল ইডানজেলিস্ট তানজিম সাকিব বাংলাদেশে শিক্ষকদের মাঝে মাইক্রোসফটের পার্টনার ইন লার্নিং



পাথফাইন্ডার স্কুলকে দুটায় হিসেবে প্রতিষ্ঠিত করেছে মাইক্রোসফট। পার্টনার ইন লার্নিং ফর এডুকেশন কার্যক্রমের উদ্দেশ্য হচ্ছে, প্রত্যেক শিক্ষক এবং তাদের পেশাগত উন্নয়নে কাজ করে যাওয়া। এ লক্ষ্যে শিক্ষকদের আত্মপর্যালোচনা, প্রশিক্ষণ ও শিক্ষা উপকরণসহ বিভিন্ন টিচিং রিসোর্স ব্যবহারের সুযোগ করে দিচ্ছে মাইক্রোসফট। পার্টনার ইন লার্নিং নেটওয়ার্কের সম্পর্কিত আরও তথ্য জানা যাবে ওয়েবসাইট থেকে। কর্মশালায় মাইক্রোসফট

প্রোগ্রামকে ছড়িয়ে দিতে তাদের বিভিন্ন বক্তৃতা তুলে ধরেন। পার্টনার ইন লার্নিং নেটওয়ার্ক কীভাবে শিক্ষকদের কাজের ক্ষেত্রে উপকার করবে সে বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন মাইক্রোসফট বাংলাদেশের এডুকেশন প্রোগ্রাম মানেজার সারানা ইসদাম। এ সময়ে [www.pil-network.com](http://www.pil-network.com) ওয়েবসাইটে নিবন্ধনের মাধ্যমে পার্টনার ইন লার্নিং নেটওয়ার্কের সঙ্গে যুক্ত হতে দেশের শিক্ষকদের অনুরোধ করেন।

সুসাইদা রহমান শীবা